যায়যায়দিন

তারিখ NOV. 11 2006
পৃষ্ঠা ২ কলাম ৩

৭

## ইডেন কলেজ

# ভৌত অবকাঠামো আর শিক্ষক ছাড়াই চলছে মার্কেটিং ও ফিনান্স

ইডেন কলেজ প্রতিনিধি

ভৌত অবকাঠামো এবং নিজস্ব বিভাগীয় শিক্ষক ছাড়াই চলছে ইডেন কলেজের মার্কেটিং এবং ফিনান্স বিভাগ। ২০০৪-০৫ শিক্ষাবর্ষ থেকে চালু হওয়া এ দুটি বিভাগের প্রতি বর্ষে ১০০ জন করে ছাত্রী ভর্তি করানো হলেও নেই কোনো নিজস্ব ক্লাসরুম। ব্যবস্থাপনা বিভাগের অধীনে মার্কেটিং এবং হিসাববিজ্ঞান বিভাগের অধীনে ফিনান্স বিভাগ চালু করা হলেও ব্যবস্থাপনা ও হিসাববিজ্ঞান বিভাগের নিজস্ব ক্লাসরুম মাত্র একটি করে, শিক্ষক সংখ্যা যথাক্রমে ৭ ও ৬ জন। এ দুটি বিভাগের অপ্রতুল শিক্ষক এবং তীব্র ক্লাসরুম সঙ্কটের কারণে নতুন চালু হওয়া মার্কেটিং ও ফিনান্স বিভাগের ক্লাস নেয়া অসম্ভব হয়ে দাড়িয়েছে।

মার্কেটিং ও ফিনান্স বিভাগের ছাত্রীদের সঙ্গে কথা বলে জানা যায়, দুটি বিভাগের জন্যই মাত্র একটি করে ক্লাসরুম বরাদ্দ থাকলেও বাস্তবে ওই ক্লাসরুমগুলো একাধিক বিভাগের সঙ্গে শেয়ার করা। ফলে একই সময়ে একই ক্লাসরুমে দুই থেকে তিনটি বিভাগের ক্লাস থাকে। আবার কোনো সময় যদি ভাগ্যক্রমে কোনো ক্লাস ফাকা পাওয়াও যায় তখন দেখা যায়, শিক্ষক সঙ্কটের কারণেই আর ক্লাস হয় না।